# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

## ২০২৪ সালের এসএসসি পরীক্ষার Online ফরম পুরণ বিজ্ঞপ্তি

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী-এসএসসি/২০২৪/৪৫০৩(২৫০) **তারিখ ঃ** ১৭/১০/২০২৩ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর আওতাধীন সকল মঞ্জুরীপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীন ২০২৪ সনে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার Online এ ফরম পুরণ ও প্রয়োজনীয় ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো :

১। **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ঃ** শিক্ষার্থীদের ফরম পুরণের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dinajpurboard.gov.bd) এর e-FF Link-এ আগামী **২৯/১০/২০২৩** তারিখে প্রকাশ করা হবে। **উক্ত সম্ভাব্য তালিকা হতে নিম্নে বর্ণিত নিয়মানুযায়ী ৩০/১০/২০২৩ তারিখ থেকে ১৪/১১/২০২৩ তারিখ (বিলম্ব ফি-ছাড়া ও বিলম্ব ফি-সহ) পর্যন্ত Online-এ ফরমপুরণ (e-FF সম্পন্ন করে) করা যাবে।**

- প্রতিষ্ঠানসমূহকে বর্ণিত ওয়েবসাইটের eFF Link-এ Click করে প্রতিষ্ঠানের EIIN ও SSC Registration-এর Password দিয়ে Login করে প্রাপ্ত Probable List Print করে হার্ডকপিতে লালকালির বলপেন দিয়ে টিক চিহ্ন প্রদানপূর্বক পরীক্ষার্থী বাছাই/Select করতে হবে।
- উক্ত হার্ডকপিতে (Probable List) টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত সম্ভাব্য তালিকায় (Probable List) Online এ সংশ্লিষ্ট পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও নামের পার্শ্বে ক্লিক করে ফরমপুরণ সম্পন্ন করতে হবে।
- পরীক্ষার্থী সিলেক্ট করার পর প্রাপ্ত Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করতঃ প্রয়োজন হলে কোন পরীক্ষার্থী বাদ পড়ে থাকলে তাকে সংযুক্ত করা এবং বেশি হয়ে থাকলে তাকে বাদ দেয়া যাবে।
- একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিঃ নম্বর ও নাম দিয়ে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা হতে পরীক্ষার্থী নির্বাচন করার পর Temporary List এ ঢুকে সঠিকভাবে যাচাই-বাছাই শেষে "Generate Payslip" Button-এ ক্লিক করে প্রতিষ্ঠান প্রধানের নাম ও Mobile No. দিয়ে Save Button-এ Click করলে সোনালী ব্যাংকের Payment Gateway দেখাবে। যেমন Sonali Bank, Cards, Mobile Banking। Gateway গুলোর যেকোন একটি মাধ্যমে ফি Payment করতে হবে। Payment করার সাথে সাথে Final List পাওয়া যাবে।
- **Payment করার মাধ্যম ঃ**
  (ক) সোনালী ব্যাংক অনলাইন Account/e-Wallet;
  (খ) Card Service (NEXUS, AMEX, VISA, MASTER CARD);
  (গ) Mobile Banking (Nagad, bKash, Rocket, Upay, TAP, Okwallet)
- শুধুমাত্র উপরোক্ত মাধ্যমে অনলাইনে ফি জমা দিতে হবে। **সোনালী সেবার মাধ্যমে কোন ফি ব্যাংকে জমা দেয়া যাবে না।**
- নির্ধারিত তারিখের মধ্যে (বিলম্ব ফি ছাড়া এবং বিলম্ব ফিসহ) যতবার প্রয়োজন ততবার ফরমপুরণ করা যাবে।
- Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করত: প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর প্রদানপূর্বক প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

**বিদ্রঃ Payment করার ক্ষেত্রে সোনালী ব্যাংক অনলাইন একাউন্ট ব্যবহার করা উত্তম। পেমেন্টের সময় OTP দেয়ার জন্য একাউন্টে প্রদত্ত মোবাইল ফোন সঙ্গে রাখতে হবে। ফি ২৫০০০/- টাকার নিচে হলে Card Services অথবা Mobile Banking ব্যবহার করা যাবে। Payment শেষ হলে একটি ইলেক্ট্রনিক রশিদ প্রদর্শিত হবে। সেটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।** ***কোন কারণে ফরমপুরণের সকল ধাপ অতিক্রম করে ফি পরিশোধ করার পরও Final List না পেলে questiondinajpurboard@gmail.com এই ই-মেইলে ইলেক্ট্রনিক রশিদ পাঠালে Final List ২৪ ঘন্টার পরে পাওয়া যাবে।***

০২। **ফরম পুরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের বিবরণ :**

| ক্র: নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন, সকল বিষয়ে অকৃতকার্য ও আংশিক বিষয়ে অকৃতকার্য (৪র্থ বিষয় ব্যতীত ০১ থেকে ০৪ বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থীগণ ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ: | ২৯/১০/২০২৩ |
| (খ) | নির্বাচনী পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ : | ২৬/১০/২০২৩ |
| (গ) | Online-এ Probable List প্রদর্শন : | ২৯/১০/২০২৩ |
| (ঘ) | **বিলম্ব ফি ছাড়া** Online-এ ফরমপুরণের তারিখ : | ৩০/১০/২০২৩ হতে ০৭/১১/২০২৩ |
| (ঙ) | **বিলম্ব ফি-সহ** Online-এ ফরমপুরণের তারিখ (১০০/- টাকা বিলম্বসহ) : | ০৯/১১/২০২৩ হতে ১৩/১১/২০২৩ |

০৩। ক) প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত Final Candidate List Print Copy ও ইলেক্ট্রনিক রশিদ (সমূহ) তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে উত্তমরূপে সংরক্ষণ করবেন। Final Candidate List Print Copy সংশ্লিষ্ট কেন্দ্রে কিংবা শিক্ষা বোর্ডে জমা দিতে হবে না।

খ) প্রবেশপত্র বিতরণের সময়সূচি প্রকাশিত হলে কেন্দ্র সচিবগণ তাঁর কেন্দ্রের সকল প্রতিষ্ঠানের ফরমপুরণ ফি জমাদানের ইলেক্ট্রনিক রশিদ, কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে সংগ্রহ করবেন এবং প্রবেশপত্র বিতরণ করবেন।

০৪। ক) **২০২৪ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফি এর হার :**

| পরীক্ষার্থীর ধরণ (১) | পরীক্ষার ফি (পত্র প্রতি) (২) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) (৩) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) (৪) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) (৫) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) (৬) | অনুমতি ও তালিকা ভূক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) (৭) | বয়েস স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) (৮) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) (৯) | রেজি: নবায়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) (১০) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠানপ্রতি) (১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | x | x | ১৫.০০ | ৫.০০ | ২০০.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি। | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | ১০০.০০ | x | ১৫.০০ | ৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে। | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | x | ১০০.০০ | x | ১৫.০০ | ৫.০০ | | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | x | ১০০.০০ | ১৫.০০ | ৫.০০ | | |

*** **উল্লেখ্য, শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয় দুটির পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে না। এক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠানকে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বিষয় দু'টির নম্বর প্রদান কার্যক্রম সম্পন্ন করতে হবে। বিধায়, উক্ত বিষয় দুটির জন্য পরীক্ষার ফি (প্রতি পত্র) ১১০/- হারে আদায় করা যাবে না।**

**খ) কেন্দ্র ফি (সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে পরিশোধ করতে হবে) ঃ**

(১) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জন প্রতি) ৪০০.০০ (চারশত) টাকা।
(২) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জন প্রতি) ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা।
(৩) ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকের জন্য) পত্র প্রতি ১০ (দশ) টাকা।

**বিদ্রঃ ব্যবহারিক ফি বাবদ প্রতি পত্র ৪০/- (চল্লিশ) টাকা আদায় করতে হবে। আদায়কৃত পত্র প্রতি ব্যবহারিক ফি ৪০/- (চল্লিশ) টাকা থেকে ৩০/- (ত্রিশ) টাকা বোর্ড তহবিলে এবং ১০/- (দশ) টাকা কেন্দ্র সচিবকে পরিশোধ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। এ বিষয়ে শিক্ষা বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এক্ষেত্রে ব্যবহারিক ফি হবে ২৫/- (পঁচিশ) টাকা। যার বিভাজন কেন্দ্র ০৭/- (সাত) টাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০/- (দশ) এবং প্রতিষ্ঠান ০৮/- (আট) টাকা প্রাপ্য হবে।**

**গ) পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি ঃ**

| বিজ্ঞান বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শিক্ষা বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) | মানবিক বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|
| ১। বোর্ড ফি - ১৬২৫.০০ টাকা | ১। বোর্ড ফি - ১৫৩৫.০০ টাকা | ১। বোর্ড ফি - ১৫৩৫.০০ টাকা |
| ২। কেন্দ্র ফি - ৫১৫.০০ টাকা (ব্যবহারিক ফিসহ) | ২। কেন্দ্র ফি - ৪৮৫.০০ টাকা (ব্যবহারিক ফিসহ) | ২। কেন্দ্র ফি - ৪৮৫.০০ টাকা (ব্যবহারিক ফিসহ) |
| **২১৪০.০০ টাকা** | **২০২০.০০ টাকা** | **২০২০.০০ টাকা** |

ঘ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনবর্ষ ৩১ ডিসেম্বর-২০২৩ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন পরীক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশন চার্জ নেয়া যাবে না।

ঙ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত ফি কোনভাবেই আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

০৫। **পরীক্ষার মাধ্যম :** বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের **ছক** অনুযায়ী এক কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে আগামী **১০/১১/২০২৩** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

**ছক**

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

০৬। **নিয়মিত পরীক্ষার্থী :**

২০২২-২০২৩ সেশনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

০৭। **অনিয়মিত পরীক্ষার্থী :**

(ক) ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ সেশনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজি: এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০২২ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) **রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষা অংশগ্রহণ :** ২০১৯-২০২০ সেশনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ, যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ অথচ, ৪র্থ বিষয় বাদে এখনও ০১ বিষয়ে অকৃতকার্য আছে তারা বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশনের মেয়াদ কেবলমাত্র ০১ (এক) বছরের জন্য নবায়ন করে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০২৪ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি-এর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

**(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া :** ৭(ঘ) এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান রেজিস্ট্রেশন নবায়নের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষা নিয়ন্ত্রক-এর দপ্তরে জমা দিয়ে মূল রেজি: কার্ড নবায়ন করে নিতে হবে। মূল রেজি: কার্ড নবায়ন না করে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর Online ফরমপুরণ করা যাবে না। উল্লেখ্য রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ **৩০/১০/২০২৩।**

০৮। **জিপিএ উন্নয়ন :**

কেবল ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২৪ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২৪ সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন না হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ সরবরাহ করা হবে না, বিধায় এরূপ ক্ষেত্রে প্রকাশিত ফলাফল ও রোল পরবর্তীতে ভর্তিসহ সকল ক্ষেত্রে কোথাও ব্যবহার করা যাবে না। ২০২৩ সালে আংশিক বিষয়ে ফরমপুরণ করা শিক্ষার্থীরা মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ফরমপুরণ করতে পারবে না।

০৯। **বহিস্কৃত পরীক্ষার্থী :**

বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। বহিস্কৃত পরীক্ষার্থী যারা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। **চতুর্থ বিষয়ের সুবিধা :**

২০২০-২০২১ ও ২০২১-২০২২ সেশনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০২২ ও ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। ২০২০-২০২১ ও ২০২১-২০২২ সেশনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা, যারা ২০২২ ও ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

**১১। পাঠ্যসূচি :**

**ক) ২০২৪ সালের এসএসসি পরীক্ষার পূর্ণাঙ্গ সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে শিক্ষার্থীরা (নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন) পরীক্ষায় অংশগ্রহণ করবে।**

**খ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীর ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।**

**১২। ছাড়পত্রধারী (TC) পরীক্ষার্থীর ফরম পুরণ সংক্রান্ত :**

TC (ছাড়পত্রধারী) পরীক্ষার্থীদের ফরম পুরণ Online (e-FF)-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

**১৩। নির্বাচনি পরীক্ষা :**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

**প্রফেসর মীর সাজ্জাদ আলী**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
**মোবাইল নম্বরঃ ০১৭১১-৯৭৯৫৫১**

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী-এসএসসি/২০২৪/৪৫০৩(২৫০) **তারিখ ঃ** ১৭/১০/২০২৩ খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। ডিআইজি অব পুলিশ, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৭। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৮। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৯। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
১২। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দিনাজপুর শিক্ষা বোর্ড শাখা।
১৪। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসার।
১৫। দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ।
১৬। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা, অত্র শিক্ষা বোর্ড।
১৯। Website Copy।
২০। সংরক্ষণ নথি।

**মোঃ মানিক হোসেন**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।